

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৫৩

১০/ শিশুর দুধপান (كتاب الرضاع)

পরিচ্ছেদঃ ৬. দুধপানের বিনিময় কিভাবে শোধ করা যায়

باب مَا جَاءَ مَا يُذْهِبُ مَذَمَّةَ الرَّضاع

আরবী

حَدَّنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، أَنَّهُ سَأَلَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا يُذْهِبُ عَنِي مَدَمَّة الرَّضَاعِ فَقَالَ " غُرَّةٌ عَبْدٌ أَوْ أَمَةٌ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ يُذْهِبُ عَنِي مَذَمَّةَ الرَّضَاعِ . يَقُولُ إِنَّمَا يَعْنِي بِهِ نِمَامَ الرَّضَاعَةِ صَحَدِيحٌ . وَمَعْنَى قَوْلِهِ مَا يُذْهِبُ عَنِي مَذَمَّةَ الرَّضَاعِ . يَقُولُ إِنَّمَا يَعْنِي بِهِ نِمَامَ الرَّضَاعَةِ وَحَقَهَا يَقُولُ إِذَا أَعْطَيْتَ الْمُرْضِعَةَ عَبْدًا أَوْ أَمَّةً فَقَدْ قَضَيْتَ نِمَامَهَا . وَيُرُوى عَنْ أَبِي وَحَقَهَا يَقُولُ إِذَا أَعْطَيْتَ الْمُرْضِعَةَ عَبْدًا أَوْ أَمَّةً فَقَدْ قَضَيْتَ نِمَامَهَا . وَيُرُوى عَنْ أَبِي وَحَقَهَا يَقُولُ إِذَا أَعْطَيْتَ الْمُرْفَعِةَ عَبْدًا أَوْ أَمَّةً فَقَدْ قَضَيْتَ نَمَامَهَا . وَيُرُوى عَنْ أَبِي وَحَقَهَا النَّبِيُ صلى الله عليه وسلم رِدَاءَهُ حَتَّى قَعْدَتْ عَلَيْهِ فَلَمَّا ذَهَبَتْ قِيلَ هِي كَانَتْ أَرْضَعَتِ النَّبِيُ صلى الله عليه وسلم . هَكَذَا رَوَاهُ يَحْيَى بْنُ سَعِيدِ الْقَطَّانُ وَحَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ وَغَيْرُ صلى الله عليه وسلم . هَكَذَا رَوَاهُ يَحْيَى بْنُ سَعِيدِ الْقَطَّانُ وَحَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ وَغَيْرُ وَاحَةً عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِ صلى الله عليه وسلم . وَرَوَى سُفَيْانُ بُنُ عُيْنَةَ عَنْ هُ هِشَامِ بْنِ عُرُوةً عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ النَّبِي صلى الله عليه وسلم . وَحَديثُ ابْنِ عُيْنَةَ غَيْرُ مَحْفُوظٍ حَبْ النَّبِي صلى الله عليه وسلم . وَحَديثُ ابْنِ عُيْنَةَ غَيْرُ مَحْفُوظٍ حَبْ وَلَامَ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم . وَحَديثُ ابْن عُينَاتَةَ غَيْرُ مَحْفُوظٍ حَبْ النَّهِ وَابْنَ عُمْرَ . وَلَوْ وَقَدْ أَدْرَكَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ وَابْنَ عُمْرَ .

বাংলা

১১৫৩। হাজ্জাজ আসলামী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করলেন, হে আল্লাহর রাসূল! আমি যে দুধপান করেছি তার হাক্ক কিভাবে মিটাতে পারি? তিনি বলেনঃ (দুধমাকে) একটি ক্রীতদাস অথবা একটি দাসী দান করে (এ দাবি মিটাতে পার)।



যঈফ, যঈফ আবৃ দাউদ (৩৫১)

আবৃ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। এ হাদীসটি ইয়াহইয়া ইবনু সাঈদ, হাতিম ইবনু ইসমাঈল, এবং আরও অনেকে হিশাম ইবনু উরওয়া হতে, তিনি তার পিতা হতে, তিনি হাজ্জাজ ইবনু হাজ্জাজ হতে, তিনি তার পিতা হতে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। আর সুফিয়ান ইবনু উয়াইনা বর্ণনা করেছেন হিশাম ইবনু উরওয়া হতে, তিনি তার পিতা হতে, তিনি হাজ্জাজ ইবনু আবৃ হাজ্জাজ ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। এর মধ্যে ইবনু উয়াইনার সূত্রটি অরক্ষিত এবং হিশামের সূত্রটি সহীহ।

হিশাম (রাহঃ) জাবির (রাঃ)-এর দেখা পেয়েছেন। "আমি যে দুধপান করেছি তার হাক্ক কিভাবে চোকাতে পারি" এ কথার তাৎপর্য হল, আমার (দুধ) মা দুধ পান করানোর মাধ্যমে আমার যে সেবা করলেন এর বদলা আমি কিভাবে দিতে পারি? এর উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি তোমার দুধমাকে একটি ক্রীতদাস অথবা একটি দাসী দান করলে এর বিনিময় আদায় হবে।

বর্ণিত আছে যে, আবৃত তুফাইল (রাঃ) বলেন, এক সময় আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সাথে বসে ছিলাম। এক মহিলা এসে হাযির হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য নিজের চাঁদর পেতে দিলেন এবং তিনি তার উপর বসলেন। এই মহিলা চলে গেলে বলা হল, এই মহিলাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দুধপান করিয়েছেন।

English

Hajjaj bin Hajjaj Al-Aslami narrated that His father asked the Prophet: "O Messenger of Allah! What will remove the responsibility of the foster relationship from me?" So he said: "A Ghurrah: a male slave or a female slave."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন